জামালপুরের সরিষাবাড়িতে ১৬ মাস বয়সী ছোট বোনকে হত্যার দায়ে ভাই ইন্দ্রজিৎ ঘোষকে আমৃত্যু সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। সেই সঙ্গে মামলার আরেকটি ধারায় তাকে আরও ১ বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়। বিশ হাজার টাকা অর্থদণ্ডসহ উভয় সাজা একত্রে চলবে বলে জানিয়েছে আদালত সূত্র।

মামলার রায় ঘোষণার সময় দণ্ডিত আসামি আদালতে উপস্থিত ছিলেন। দণ্ডিত ইন্দ্রজিৎ ঘোষ উপজেলার শিমলা গোপীনাথ এলাকার পরিতুষ চন্দ্র ঘোষের ছেলে।

রোববার (২১আগস্ট ) দুপুরে জামালপুর দায়রা জজ আদালতে বিচারক মো. জুলফিকার আলী খাঁন এ দণ্ডাদেশ দেন।

মামলার নথি সূত্রে জানা গেছে, ২০১৭ সালের ২২ জানুয়ারি গভীর রাতে মামা শ্বশুরের কুপরামর্শে ইন্দ্রজিৎ ঘোষ তার ছোট বোনকে হত্যা শেষে সরিষাবাড়ি বাস টার্মিনাল এলাকায় ময়লা ও কচুরি পানাযুক্ত পুকুরে লাশ গুম করেন। এ ঘটনায় পরদিন একটি হত্যা মামলা দায়ের করেন নিহতের বাবা পরিতুষ চন্দ্র ঘোষ।

মামলার ২৪ জন সাক্ষীর মধ্যে ১২ জনের সাক্ষ্য গ্রহণ শেষে দু'জন আসামির মধ্যে আনন্দ মহন্ত নামে একজনকে বেকসুর খালাস দেন আদালত। চাঞ্চল্যকর এ মামলায় রাষ্ট্রপক্ষের আইনজীবী ছিলেন নির্ম্মল কান্তি ভদ্র ও আসামিপক্ষের আইনজীবী ছিলেন জয়ন্ত কুমার দেব।